# “বঙ্গবন্ধু সৃজনশীল মেধা অন্বেষণ প্রতিযোগিতা-২০২৪” এর প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী

সভাপতি :রাজিয়া আক্তার চৌধুরী
উপজেলা নির্বাহী অফিসার
ঝিনাইদহ সদর, ঝিনাইদহ

সভার স্থান : উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
সভার তারিখ: ০৩/০৩/২০২৪খ্রি:
সভার সময়: বিকাল ৪ ঘটিকা

উপস্থিত সদস্যবৃন্দ : পরিশিষ্ট ‘ক’দ্রষ্টব্য।

সভাপতি মহোদয় উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা-এর সহকারী পরিচালক (প্রশিক্ষণ-৩),মহোদয়ের দপ্তর স্মারক নং-৩৭.০২.০০০০.১১০.৪৩.১২.২০২৪-১১৬, তাং১৫/০২/২০২৪ খ্রি: পত্র মূলে ঝিনাইদহ সদর, উপজেলা পর্যায়ে “বঙ্গবন্ধু সৃজনশীল মেধা অন্বেষণ প্রতিযোগিতা-২০২৪” সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালনার উদ্দেশ্যে বিস্তারিত আলোচনান্তে আগামী ২৪/০৩/২০২৪ খ্রি: তারিখ কাঞ্চননগর মডেল স্কুল এন্ড কলেজ, ঝিনাইদহ সদর, ঝিনাইদহে সকাল ১০.০০ টা হতে প্রতিযোগিতা শুরু করার সিদ্ধান্ত গৃহীত হয়।

ঝিনাইদহ সদর উপজেলা পর্যায়ে “বঙ্গবন্ধু সৃজনশীল মেধা অন্বেষণ প্রতিযোগিতা-২০২৪”সুষ্ঠু ও সুন্দরভাবে বাস্তবায়নের লক্ষ্যে নীতিমালা অনুযায়ী নিম্নবর্ণিত প্রতিযোগিতামূলক বাছাই কমিটি গঠন করা হয়।

| | | |
|---|---|---|
| ১. | উপজেলা নির্বাহী অফিসার, ঝিনাইদহ সদর, ঝিনাইদহ | আহবায়ক |
| ২. | অধ্যক্ষ , সরকারি নূরুন্নাহার মহিলা কলেজ, ঝিনাইদহ | সদস্য |
| ৩. | অধ্যক্ষ ,ঝিনাইদহ সিদ্দিকীয়া কামিল মাদ্রাসা | সদস্য |
| ৪. | সহকারী কমিশনার (ভূমি) ঝিনাইদহ সদর, ঝিনাইদহ | সদস্য |
| ৫. | অধ্যক্ষ, কাঞ্চননগর মডেল স্কুল এন্ড কলেজ, ঝিনাইদহ সদর | সদস্য |
| ৬. | অধ্যক্ষ, ভূটিয়ারগাতী রসুলপুর আলিম মাদ্রসা | সদস্য |
| ৭. | উপজেলা শিক্ষা অফিসার | সদস্য |
| ৮. | প্রধান শিক্ষক, এম. কে মাধ্যমিক বিদ্যালয় | সদস্য |
| ৯. | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ঝিনাইদহ সদর, ঝিনাইদহ। | সদস্য-সচিব |

“বঙ্গবন্ধু সৃজনশীল মেধা অন্বেষণ প্রতিযোগিতা-২০২৪” সুষ্ঠু ও সুন্দরভাবে বাস্তবায়নের জন্য বিস্তারিত আলোচনান্তে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

১। ঝিনাইদহ সদর উপজেলাধীন সকল সরকারি ও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান নিম্ন মাধ্যমিক পর্যায় হতে উচ্চ মাধ্যমিক পর্যায় (৬ষ্ঠ থেকে দ্বাদশ শ্রেণি) পর্যন্ত স্ব স্ব প্রতিষ্ঠানে ছাত্র-ছাত্রীদের মাঝে প্রতিযোগীতার আয়োজন করে বিজয়ী নির্বাচন করবে। নিম্ন মাধ্যমিক বিদ্যালয়, মাধ্যমিক বিদ্যালয়, কলেজ , মাদ্রাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীরা এবং বাংলাদেশ স্টাডিজ ও মুক্তিযুদ্ধ (শুধুমাত্র প্রতিবন্ধী/অটিস্টিক শিক্ষার্থীদের জন্য )এ প্রতিযোগিতায় অংশগ্রহন করতে পারবে।

২। ছাত্র-ছাত্রী বাছাইয়ের জন্য ৩ টি গ্রুপে ৫ (পাঁচ) বিষয় থাকেবে। যথা:-(১) ভাষা ও সাহিত্য (বাংলা ও ইংরেজি), (২) ৬ ষ্ঠ-৮ম পর্যায়ের জন্য দৈনন্দিন বিজ্ঞান এবং ৯ম-১২শ পর্যায়ের জন্য বিজ্ঞান (পদার্থ, রসায়ন ও জীববিজ্ঞান) (৩) গণিত ও কম্পিউটার (৪) বাংলাদেশ স্টাডিজ (ইতিহাস, পৌরনীতি, অর্থনীতি, সমাজবিজ্ঞান) এবং (৫) বাংলাদেশ স্টাডিজ ও মুক্তিযুদ্ধ (শুধুমাত্র প্রতিবন্ধী/অটিস্টিক শিক্ষার্থীদের জন্য ) বিষয়ে অংশগ্রহন করতে পারবে। প্রতিবন্ধী/অটিস্টিক শিক্ষার্থীরা তাদের জন্য নির্ধারিত বিষয় ছাড়া সাধারণ বিষয়গুলোতে ও অংশগ্রহণ করতে পারবে।

৩। “বঙ্গবন্ধু সৃজনশীল মেধা অন্বেষণ প্রতিযোগিতা-২০২৪” ঝিনাইদহ সদর উপজেলাধীন সকল সরকারি ও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের প্রতিষ্ঠান পর্যায়ে বিজয়ী সেরা শিক্ষার্থীদেরকে নির্ধারিত আবেদন ফরমে আগামী ১৯ শে মার্চ ২০২৪ খ্রি: তারিখের মধ্যে যথাযথভাবে পূরণ করে অফিস চলাকালীন সময়ে উপজেলা মাধ্যমিক শিক্ষা কার্যালয়, ঝিনাইদহ সদর, ঝিনাইদহে জমা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। পরিপত্র অনুযায়ী ১ জন শিক্ষার্থী সর্বোচ্চ ৩ টি বিষয়ে অংশগ্রহন করতে পারবে। প্রতিবন্ধী/অটিস্টিক শিক্ষার্থীরা তাদের জন্য নির্ধারিত বিষয় ছাড়াও অন্য ২ টি বিষয়ে প্রতিযোগিতায় অংশগ্রহন করতে পারবে। প্রতি গ্রুপ থেকে ১ জন করে ৫ টি বিষয়ের জন্য মোট (৩×৫) ১৫ জনকে নির্বাচিত করে প্রতিষ্ঠান থেকে উপজেলায় প্রেরণ করতে হবে।

৪। ঝিনাইদহ সদর উপজেলা পর্যায়ে প্রতিযোগীতামূলক বাছাই কমিটি শৈলকূপা উপজেলা থেকে অনধিক ০৫ জন বিষয়ভিত্তিক শিক্ষকের সমন্বয়ে একটি বিচারক প্যানেল তৈরি করে তাদের মাধ্যমে মৌখিক ও লিখিত পরীক্ষা গ্রহনের ব্যবস্থা গ্রহন করবেন এবং বিচারক মন্ডলীর সহায়তায় উপজেলা পর্যায়ে বিজয়ী নির্বাচন করবেন। শৈলকূপা উপজেলার উপজেলা নির্বাহী অফিসারকে ০৫ জন বিষয় বিশেষজ্ঞ পাঠানোর অনুরোধ জানিয়ে পত্র প্রেরণ করা হবে।

৫। নীতিমালা অনুযায়ী সেরা মেধা যাচাইয়ের লক্ষ্যে নিম্নলিখিত পদ্ধতি অনুসরনের সিদ্ধান্ত গৃহীত হয়:

চলমান পাতা =২

**(১) ভাষা ও সাহিত্যা:**

ক.তাৎক্ষনিক রচনা প্রতিযোগিতা (বাংলা ও ইংরেজি লিখিন) নম্বর: ১০+১০=২০

খ. পর্যায়ক্রমে বাংলায় গল্প বলা নম্বর: ১৫

গ. উপস্থিত বক্তৃতা (ইংরেজি) নম্বর: ১৫

**(২) ৬ষ্ঠ -৮ম পর্যায়ের জন্য দৈনন্দিন বিজ্ঞান এবং ৯ম-১২ শ পর্যায়ের জন্য বিজ্ঞান ((পদার্থ, রসায়ন ও জীববিজ্ঞান)**

ক. MCQ নম্বর: ১০

খ. সমস্যা সমাধান নম্বর: ২০

গ বিজ্ঞান বিষয়ক প্রকল্প উপস্থাপন নম্বর: ২০

**(৩)গণিত ও কম্পিউটার**

ক. গণিত (লিখিত ) নম্বর: ২৫

খ. কম্পিউটার (লিখিত ) নম্বর: ১০

উপরোক্ত ৩৫ নম্বরের মধ্যে প্রাপ্ত নম্বরের ক্রমানুসারে প্রথম ১০ জনের জন্য গণিত(মৌখিক) ৫ নম্বর, কম্পিউটার (সমস্যা সমাধান):১০ নম্বর।

**(৪) বাংলাদেশ স্টাডিজ ও মুক্তিযুদ্ধ**

ক. লিখিত নম্বর: ৩০

খ. MCQ নম্বর : ১৫

গ. মৌখিক নম্বর: ৫

**(৫) বাংলাদেশ স্টাডিজ ও মুক্তিযুদ্ধ (শুধুমাত্র প্রতিবন্ধী/অটিস্টিক শিক্ষার্থীদের জন্য )**

ক. লিখিত নম্বর: ৩০

খ. MCQ নম্বর : ১৫

গ. মৌখিক নম্বর: ৫

৬। উপজেলা পর্যায়ে প্রতিযোগিতা শেষে স্কুল –কলেজ-মাদ্রাসা-কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান হতে শ্রেষ্ঠত্ব অর্জনকারী সেরা মেধাবীদের ০৩ গ্রুপে ০৫ টি বিষয়ে মোট ১৫ জনকে পুরস্কার সহ সার্টিফিকেট প্রদান করা হবে।

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় "বঙ্গবন্ধু সৃজনশীল মেধা অন্বেষণ প্রতিযোগিতা-২০২৪" এর ঝিনাইদহ সদর উপজেলা পর্যায়ে শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানগণ তাদের প্রতিষ্ঠানের ৬ষ্ঠ থেকে ১২ শ শ্রেণির সেরা মেধাবী শিক্ষার্থী বাছাই করে উপজেলা পর্যায়ে অংশগ্রহন করানো সহ সুষ্ঠু ও সুন্দরভাবে প্রতিযোগিতা সম্পন্ন করার জন্য সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন এবং উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

০৫/০৩/২০২৪

(রাজিয়া আক্তার চৌধুরী)
উপজেলা নির্বাহী অফিসার
ও
আহবায়ক
উপজেলা প্রতিযোগিতামূলক বাছাই কমিটি
ঝিনাইদহ সদর, ঝিনাইদহ

স্মারক নং- স্মারক নং-৩৭.৪৪.৪৪১৯.০০১.১০.০০০৭.২৪.৪৬ তারিখ: ০৪/০৩/২০২৪ খ্রি: ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হল:

১। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা , খুলনা অঞ্চল, খুলনা।
২।জেলা প্রশাসক, ঝিনাইদহ।
৩। জেলা শিক্ষা অফিসার, ঝিনাইদহ।
৪।উপজেলা.......................................................অফিসার, ঝিনাইদহ সদর, ঝিনাইদহ।
৫।অধ্যক্ষ /প্রধান শিক্ষক/ সুপারিনটেনডেন্ট.......................................কলেজ/স্কুল/ মাদ্রাসা, ঝিনাইদহ সদর, ঝিনাইদহ।

০৫/০৩/২৪

(শেখ মো: কামরুজ্জামান)
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ও
সদস্য সচিব
উপজেলা প্রতিযোগিতামূলক বাছাই কমিটি
ঝিনাইদহ সদর, ঝিনাইদহ।